আলমডাঙ্গায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ

আলমডাঙ্গায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠিত হয়েছে। আলমডাঙ্গা কৃষি অফিসে যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় এই কৃষি উপকরণ বিতরণ করা হয়।

নিরাপদ উচ্চমূল্যের মসলার প্রদর্শনীতে কৃষকদের মাঝে বিভিন্ন ধরনের বীজ বিতরণ করা হয়। এ প্রদর্শনীতে আলমডাঙ্গা উপজেলা কৃষি কর্মকর্তা মাসুদ হোসেন পলাশের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত উপপরিচালক কৃষিবিদ কৃষ্ণ রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা কৃষি সম্প্রসারণ অফিসার কৃষিবিদ সাইফুল্লাহ মাহমুদ, সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার ডিপ্লোমা কৃষিবিদ মো. আব্দুস সামাদ এবং উপসহকারী কৃষি কর্মকর্তা ডিপ্লোমা কৃষিবিদ মো. আশরাফুল আলম।

কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠানে মোট ১৩৫ জন কৃষকের মাঝে উচ্চমূল্যের বিভিন্ন বীজ বিতরণ করা হয়। কৃষকদের মাঝে দেওয়া হয় কাকরোল ১০টি, করলা ১০টি, চিচিঙ্গা ১০টি, লতিকচু ১০টি, মুখিকচু ১০টি, গ্রীষ্মকালীন টমেটো ১০টি, আদা ৯টি, হলুদ ৮টি, মরিচ ৪টি, মাশরুম ৩টি, গ্রীষ্মকালীন তরমুজ ১০টি, লিচু ৩টি, আম ৪টি, কলা ৩টি, পেঁপে ৪টি, কুল ১০টি, ড্রাগন ১টি, কৃষি প্রযুক্তি গ্রাম ৩টি, ভার্মি কম্পোস্ট ১০টি এবং ট্রাইকো কম্পোস্ট ৩টি।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বর্তমান সরকার কৃষিপণ্যের ওপর বিশেষ নজর দিয়েছে। সকল প্রকার কৃষি ফসলের পাশাপাশি উচ্চমূল্যের মসলা, ফল ও মাশরুম চাষের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। কৃষকদের উৎসাহিত করতে এ ধরনের প্রদর্শনীর মাধ্যমে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আত্মনির্ভরশীল কৃষক পরিবার একটি উন্নয়নশীল দেশ গড়তে সর্বোচ্চ ভূমিকা রাখবে।

ঝিনাইদহে কৃষক সংবর্ধনা ও কৃষি উপকরণ বিতরণ

‘কৃষক বাঁচলে দেশ বাঁচবে, কৃষক ছাড়া পৃথিবী অচল’—এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে কৃষকদের সংবর্ধনা ও কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার সকালে সদর উপজেলার রামনগর গ্রামে পরিবেশবিদ জহির রায়হান এর উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।অনুষ্ঠানে সদর উপজেলার অতিরিক্ত কৃষি কর্মকর্তা জুনাইদ হাবীব, পরিবেশবিদ জহির রায়হান, কুমড়াবাড়ীয়া ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান হারুন-অর রশিদ ও উপ-সহকারী কৃষি কর্মকর্তা মিজানুর রহমানসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন। পরে এলাকার ২০ জন কৃষককে সংবর্ধনা জানানো হয় এবং তাদের মাঝে মাথাল, কাস্তে ও গামছা বিতরণ করা হয়।

অনুষ্ঠানের আয়োজক জহির রায়হান বলেন, আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, কৃষকদের অক্লান্ত পরিশ্রম ও দেশের খাদ্য নিরাপত্তায় তাদের অমূল্য অবদানকে স্বীকৃতি জানাতেই এ আয়োজন করা হয়েছে। পাশাপাশি কৃষিকাজে প্রয়োজনীয় উপকরণ বিতরণের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি ও কৃষকদের আরও উৎসাহিত করাই ছিল অনুষ্ঠানের মূল উদ্দেশ্য।

গাংনীতে পিএসকেএস এর উদ্যোগে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ

মেহেরপুরে গাংনী পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে বিনামূল্যে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ রবিবার সকালে (পিএসকেএস)-এর সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় নিরাপদ সবজি উৎপাদন হাব ক্লাস্টার ১৫ জন সদস্যের মাঝে উপকরণ বিতরণ করা হয় । সবজির চারা, ফেরমন ফাঁদ হলুদ ট্রাপ জৈব ও রাসায়নিক সার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন সহকারী পরিচালক প্রশিক্ষণ মোঃ সাইফুল ইসলাম পিএসকেএস এর সমন্বিত কৃষি ইউনিটের সকল কর্মকর্তাগণ ।

মুজিবনগরে কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণের শুভ উদ্বোধন

মুজিবনগরে কৃষি ভর্তুকির আওতায় কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে এগারোটার দিকে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, উপজেলা পরিষদ চত্বরে ২০২৩-২৪ অর্থ ‘বছরে খরিপ-১ মৌসুমে আউশ উফশী ও গ্রীষ্মকালীন পেঁয়াজ ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন এবং ২০২৩-২৪ অর্থ বছরে সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ভর্তুকিতে বিভিন্ন যন্ত্র বিতরণের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান আমাম হোসেন মিলু, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকতা মাশরুবা আলম, নবনির্বাচিত উপজেলা ভাইস চেয়ারম্যান বি এম জাহিদ হাসান রাজিব উপস্থিত থেকে কৃষি উপকরণ বিতরণের শুভ উদ্বোধন করেন।

এবারের কৃষি ভর্তুকির আওতায় ৪টি হারভেস্টার মেশিন,১টি ভুট্টা মাড়াই মেশিন এবং উপজেলার ৩৫০০ জন কৃষকের মাঝে ৫ কেজি আউশ ধান বীজ এবং রাসায়নিক সার বিতরণ করা হবে।

দামুড়হুদায় কৃষি উপকরণ বিতরণ

দামুড়হুদার কোষাঘাটায় ওয়েভ ফাউন্ডেশনের সদস্যদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়েছে।

আজ রোববার বিকেল সাড়ে ৩টার দিকে সমন্বিত কৃষি ইউনিট পিকেএসএফের আর্থিক সহায়তায় উপকারভোগীদের মাঝে কৃষি উপকরণ বিতরণ করা হয়।

ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে কৃষি উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো হযরত আলী।

বেসরকারি সংস্থা ওয়েভ ফাউন্ডেশনের কোষাঘাটাস্থ মিশ্র খামার প্রাঙ্গনে উপকরণ বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সহকারী পরিচালক মোঃ কিতাব আলী, ডাঃ এ এম এস সহীদ, কৃষিবিদ ফায়সাল মাহমুদ, ডাঃ এহতেশামুল হক, সহঃ প্রাণীসম্পদ কর্মকর্তা হাসান রেজা ও সহঃ কৃষি কর্মকর্তা মোঃ বিপুল মিয়া।